### ৩১ মার্চ ২০২৬ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা'র মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ ঈফফাত জাহান তুলি
প্রশাসক
উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

তারিখ ঃ ৩১ মার্চ ২০২৬ খ্রিঃ।

সময় ঃ বেলা ১০.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কোন প্রকার সংশোধনী /সংযোজনী না থাকায় সর্বসম্মতভাবে তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর আলোচনার মাধ্যমে ধারাবাহিকভাবে সভা পরিচালনা করা হয়।

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গবাদি পশু যাতে কোন রোগ বালাই মাধ্যমে অসুস্থ হতে না পারে সেজন্য মাঠ পর্যায়ে মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। পশু জবাই করার ক্ষেত্রে পশুর নিরীক্ষা কার্যক্রমে কসাইদের আগ্রহ কম। এক্ষেত্রে সচেতনতামূলক প্রচারনা চালাতে হবে। অসুস্থ পশু যাতে কোথাও জবাই না হয় সে বিষয়ে সকলকে সচেষ্ট থাকতে হবে। নির্মিত ট্রেনিং সেন্টারের অবশিষ্ট কাজ সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। ট্রেনিং সেন্টারের সংস্কার কাজ সম্পন্ন হলে খামারিদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। প্রশিক্ষণ কার্যক্রম শুরু হলে খামারিরা অনেক লাভবান হবেন এবং বেকার সমস্যা সমাধান হবে। অফিসের পার্শ্বে একটি পুকুর রয়েছে। পুকুরটি ভরাট করা না হলে যেকোন সময়ে বাউন্ডারি ওয়াল ধসে পরতে পারে। এবিষয়ে তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করেন। সুন্দরগঞ্জ বাজারে একটি আধুনিক শেডসহ কয়েকটি দোকান ঘর নির্মাণ হয়েছে। কিন্তু উক্ত দোকানগুলো এখনো প্রকৃত সুবিধাভোগীদের মাঝে হস্তান্তর করা সম্ভব হয়নি। ফলে প্রকৃত সুবিধাভোগীরা সুবিধা হতে বঞ্চিত হচ্ছে। দোকান ঘরগুলো যাতে সুবিধাভোগীদের মাঝে বিতরণ করা হয় এজন্য তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। | ১। সেবার ধারা অব্যাহত রাখতে হবে।<br>২। গবাদি পশুদের রোগ বালাই হতে মুক্ত রাখতে মনিটরিং কার্যক্রম চলমান রাখতে হবে।<br>৩। ট্রেনিং সেন্টার সংস্কার করার জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৪। উপজেলা প্রাণি সম্পদ অফিস কর্তৃক নির্মিত দোকান ঘর গুলো যাতে প্রকৃত সুবিধাভোগীদের মাঝে বিতরণ করা হয় সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ২. | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সুন্দরগঞ্জ উপজেলায় ০২টি অভয়াশ্রম রয়েছে। অভয়াশ্রমগুলো যাতে সঠিকভাবে পরিচালিত হয় সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সামনে উন্মুক্ত রেনু ছাড়ার প্রকল্প রয়েছে। নদী নালা, ছড়া ও বিলে উন্মুক্ত রেনু ছাড়া হবে। যাতে খাল, বিল ও নদী নালাগুলোতে মাছ ছড়িয়ে যেতে পারে। সুন্দরগঞ্জ উপজেলা ফিসারিজ কার্ড আপডেট করা হয়েছে। ১৩০০ জন এর চাল বরাদ্দ থাকলেও তা ১৪০০ এর মধ্যে বিতরণ করা হয়। যাচাই বাচাই করে যাতে ১৩০০ জন মৎসজীবীর মাঝেই চাল বিতরণ করা যায় সেজন্য কার্ডগুলো যথাযথ নিয়ম মেনে যাচাই বাচাই করা হচ্ছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | উন্নয়নের এধারা অব্যাহত রাখতে হবে। সঠিক সুবিধাভোগী যাতে তাদের বরাদ্দকৃত চাল পায় সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার |
| ৩. | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভায় জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বোরো মৌসম, ভুট্টা, চিনা বাদামসহ নানা ধরনের মৌসুমী ফসলের বাম্পার ফলন হয়েছে। প্রাকৃতিক কোন দুর্যোগ না হলে লক্ষ্যমাত্রা পুরণের সম্ভাবনা রয়েছে। বর্তমানে ফসলী জমিতে সেচের কোন সমস্যা নেই। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিষদ, কৃষি বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হঠাৎ করে হাম রোগের প্রদূর্ভাব বৃদ্ধি পেয়েছে। ০৩ বছর হামের ক্যাম্পেইন হওয়ার কথা থাকলেও অনেক বছর হতে তা বন্ধ রয়েছে। দ্রুত | হাম রোগীদের অগ্রাধীকার ভিত্তিতে চিকিৎসা সেবা প্রদান করতে হবে। হামের টিকা চলমান রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার |

| | | | | |
|---|---|---|---|---|
| | অফিস | হামের ক্যাম্পেইন শুরু হবে। হামের লক্ষণ দেখা মাত্রই হাসপাতালে যোগাযোগ করে প্রয়োজনীয় চিকিৎসা গ্রহণ করতে হবে। সুন্দরগঞ্জ উপজেলা ৬২টি কমিউনিটি হাসপাতালে ঔষধের স্বল্পতা রয়েছে। ০৬ মাস হতে ঔষধের সরবরাহ বন্ধ রয়েছে। প্রয়োজনীয় সংখ্যক ঔষধ ক্রয়ের জন্য চাহিদা পত্র উপজেলা পরিষদে বরাদ্দের জন্য প্রেরণ করা হয়েছে। তিনি ঔষধ ক্রয়ের জন্য চাহিদা পত্র অনুযায়ী বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। নতুন ০৭ জন মেডিকেল অফিসার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স যোগদান করেছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | প্রেরিত চাহিদা অনুযায়ী উপজেলা প্রকৌশলী মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। নব যোগদানকৃত ০৭ জন মেডিকেল অফিসারকে শুভেচ্ছা জানানো হয়। | পরিকল্পনা অফিসার |
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। চন্ডিপুরে পরিবার পরিকল্পনা কেন্দ্রে যাতায়ের রাস্তাটিতে ময়লার স্তুপ জমে রয়েছে। যাতায়াতে জনদুর্ভোগ সৃষ্টি হয়েছে। সামনে বর্ষাকাল, দ্রুত সমস্যার সমাধান না করা গেলে তা আরো প্রকোপ আকার ধারন করেবে। তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | চন্ডিপুর ইউনিয়নের পরিবার পরিকল্পনা কেন্দ্রে যাতায়ের রাস্তাটি দ্রুত সংস্কারের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঈদের ছুটি শেষে স্কুল কলেজে পাঠদান কার্যক্রম শুরু হয়েছে এবং প্রতিষ্ঠানগুলো পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। মাধ্যমিক পরীক্ষার প্রশ্ন পত্র এসেছে এবং তা যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। প্রতিষ্ঠানগুলোর পাঠদান কার্যক্রম সঠিকভাবে হচ্ছে কিনা তা নিয়মিতভাতে মনিটরিং করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| ৭. | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান- তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ৮. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র কার্যালয়ের আওতাধীন বেকার যুবদের প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী আত্মকর্মসংস্থানের লক্ষ্যে প্রয়োজনে ঋণ প্রদান অব্যাহত রয়েছে। গাভিপালন খামারিদের মধ্যে বায়োগ্যাস প্ল্যান্ট তৈরিতে আগ্রহীদের ৫দিন মেয়াদী প্রশিক্ষণ জেলা কার্যালয়ের মাধ্যমে চলমান রয়েছে। চলতি মাসে অত্র কার্যালয়ের মাধ্যমে গাভিপালন খামারিদের মধ্যে ০৮টি বায়োগ্যাস প্ল্যান্ট তৈরি করা হয়েছে এবং তাদের খামার সম্প্রসারণসহ প্ল্যান্ট নির্মাণে ১লক্ষ টাকা করে ঋণ প্রদান করা হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে এ পর্যন্ত ১১টি প্ল্যান্ট নির্মাণ করা হয়েছে এবং প্রতিটি প্ল্যান্ট হতে খামারিগণ পর্যাপ্ত পরিমাণ গ্যাস ব্যবহার করতে পারছে ফলে তাদের পরিবার খড়ি বা গ্যাস সিলিন্ডার ব্যবহার না করে শারীরিক ও আর্থিক ভাবে উপকৃত হচ্ছে। বিষয়টি ব্যাপক প্রচারের জন্য দপ্তর প্রধান ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো যেনো সুন্দরগঞ্জের সকল খামারি বায়োগ্যাস প্ল্যান্ট তৈরিতে আগ্রহী হয়। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উন্নয়নের এধারা অব্যাহত রাখতে হবে। সুন্দরগঞ্জের সকল খামারি বায়োগ্যাস প্ল্যান্ট তৈরিতে যাতে আগ্রহী হয় সেজন্য প্রতিটি ইউনিয়নের চেয়ারম্যানসহ সকলকে ব্যাপক প্রচারণা করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র অফিসের বিভিন্ন ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ঋণ আদায়ও সন্তোষজনক। তিনি সকলে সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ১০. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঈদের ছুটি শেষে শিক্ষা প্রতিষ্ঠান খুলেছে। প্রতিষ্ঠানগুলো পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য নির্দেশনা প্রদান করা | সরকারের নির্দেশনা সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। বৃত্তি পরীক্ষা | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে। ১৮০ দিনের সরকারের এজেন্ডা বাস্তবায়নের জন্য কার্যক্রম চলমান রয়েছে। প্রাথমিক পর্যায়ে ফুটবল টুর্নামেন্ট শুরু করার জন্য সরকারের নির্দেশনা রয়েছে। আগামী ০৬/০৪/২০২৪ ইং তারিখ হতে তা শুরু করা হবে। বৃত্তি পরীক্ষার এন্ট্রি সম্পন্ন হয়েছে। সুন্দরগঞ্জ উপজেলার ০৪টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় এজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১১. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৫-২৬ অর্থ বছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাননীয় সংসদ সদস্য প্রতিটি ইউনিয়নে নীতিমালা অনুযায়ি ০২ জন করে প্রতিনিধি তালিকা প্রেরণ করেছেন। তিনি উক্ত প্রতিনিধিদের ইউনিয়ন কমিটিতে সংযুক্ত করার জন্য অনুরোধ করেন। বয়সের ভিত্তিতে বয়স্কভাতা ও বিধবা ভাতার নাম অর্ন্তভূক্ত করার জন্য অনুরোধ করেন। প্রতিবন্ধীর ক্ষেত্রে প্রতিবন্ধীর ধরন অনুসরণ করতে হবে। ইউনিয়ন কমিটি সঠিকভাবে নীতিমালা অনুসরণ করে ভাতার তালিকা প্রস্তুত করে অনুমোদনের জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করবেন। | নীতিমালা অনুযায়ী ভাতার ভাতার তালিকা প্রস্তুতপূর্বক উপজেলা কমিটিতে প্রেরণে জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকল |
| ১২. | উপজেলা সামাজিক বন বিভাগ | ফরেস্টার সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার সামাজিক বন বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ১৩. | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান- তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন অফিস ও সংশ্লিষ্ট সকল |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান তার দপ্তরের কাজ স্বাভাবিক রয়েছে। টিআর ও কাবিখার প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের কাজ যাতে সুষ্ঠভাবে সম্পন্ন হয় সেজন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৫. | পল্লী বিদ্যুৎ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সুন্দরগঞ্জ জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সুন্দরগঞ্জ উপজেলায় প্রায় ১১ কোটি টাকার বকেয়া বিল রয়েছে। বকেয়া টাকা সংগ্রহহের জন্য বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার কার্যক্রম শুরু করা হয়েছে। সংযোগ বিচ্ছিন্ন করার ক্ষেত্রে তিনি সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানদের সহযোগিতা কামানা করেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | বকেয়া বিল আদায়ের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পল্লী বিদ্যুৎ অফিসকে সহযোগিতা করবেন। | ডিজিএম পল্লী বিদ্যুৎ ও সংশ্লিষ্ট সকল |
| ১৬. | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৭. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান, তার অফিসের কাজ স্বাভাবিক চলছে। ল্যাট্রিনের বরাদ্দ অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে উপকারভোগীদের তালিকা অফিসে জমা প্রদান করা জন্য অনুরোধ করেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ল্যাট্রিনের বরাদ্দ অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে উপকারভোগীদের তালিকা অফিসে জমা প্রদান কার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | উপজেলা সহকারী প্রোগ্রামার (আইসিটি) | সহকারী প্রোগ্রামার (আইসিটি) জানান, উপজেলার সকল অফিস/দপ্তর ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) করার জন্য বার বার অনুরোধ করা হলেও এখন পর্যন্ত অনেকে আপডেট করছেন না। ইউনিয়ন পরিষদ সচিব ও উদ্যোক্তাদের গতিশীল করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাঙানোর পর প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয় । | উপজেলার সকল অফিস ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) নিশ্চিত করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাঙানো নিশ্চিত করে জরুরীভাবে প্রতিবেদন দাখিল করতে হবে। | সহকারী প্রোগ্রার আইসিটি, ইউপি চেয়ারম্যান, সকল অফিস প্রধানগণ ও সংশ্লিষ্ট সকল |
| ১৯. | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, সুন্দরগঞ্জ উপজেলার যারা সমিতির জন্য আবেদন করবে তাদেরকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের প্রত্যয়ন স্বাপেক্ষে আবেদন করতে হবে। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের তাদের ইউনিয়নের সমিতিগুলো পরিদর্শন করার জন্য অনুরোধ করেন, যাতে সমিতিগুলো সঠিকভাবে পরিচালিত হয়। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। সমিতির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানদের প্রত্যয়ন স্বাপেক্ষে আবেদন করতে হবে। ইউনিয়র চেয়ারম্যানদের সংশ্লিষ্ট সমিতিগুলো পরিদর্শনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ২০. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল |
| ২১. | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বরাদ্দ না থাকার কারনে উঠান বৈঠকের কার্যক্রম বন্ধ ছিল। বরাদ্দ আসতে শুরু করেছে। দ্রুত উঠান বৈঠকের কার্যক্রম শুরু করা হবে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ২২. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ | **বেলকা:** পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষে ভিজিএফ এর চাল বরাদ্দ করা হয়েছিল। ট্যাগ অফিসারের সমন্বয়ে চাল সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। কিছু কিছু উপকারভোগী ভিজিএফ এর চাল পরিষদের ৪০০ মিটারের বাহিরে ব্যাপারীর কাছে বিক্রি করেছে বলে জানা যায় কিন্তু পরিষদের ভিতরে কেউ চাল বিক্রি করেনি। উপকারভোগীদের পরিষদের বাহিরে চাল বিক্রয় করার কারনে চেয়ারম্যানদের উপরে তা নিয়ে অপপ্রচার চালানো হচ্ছে। যা মোটেই সঠিক নয়। এই অপপ্রচারের বিষয়ে সকলকে সজাগ থাকার অনুরোধ করেন।<br>**বামনডাংগা:** তিনি জানান- গ্রাম পুলিশদের বেতনভাতা বকেয়া রয়েছে। বামনডাংগা উপ-স্বাস্থ্য কেন্দ্রটি প্রায়ই বন্ধ থাকে। স্বাস্থ্য কেন্দ্রটিতে লোকবল ও ঔষধের স্বল্পতা রয়েছে। পশু স্বাস্থ্য কেন্দ্রটি দীর্ঘদিন হতে বন্ধ অবস্থায় রয়েছে। পশু স্বাস্থ্য কেন্দ্রটি দ্রুত চালু করার অনুরোধ করেন।<br>**কঞ্চিবাড়ি:** তিনি জানান- এডিপির বরাদ্দ স্বাপেক্ষে দ্রুত প্রকল্প গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে।<br>**রামজীবন:** তিনি জানান- তার ইউনিয়নে ০২টি ত্রাণের ব্রীজের কাজ চলমান রয়েছে। কিন্তু খুব ধীর গতিতে কাজ চলমান রয়েছে। | ভিজিএফ এর চাল সুষ্ঠুভাবে বিতরণের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। চাল বিতরণের ক্ষেত্রে আরোও সাবধানতা অবলম্বন করতে হবে। গ্রাম পুলিশদের বরাদ্দ না থাকায় তাদের কয়েক মাসের বেতন ভাতা বকেয়া রয়েছে। বরাদ্দ স্বাপেক্ষে তা পরিশোধ করা হবে। বামনডাংগা ইউনিয়নের উপ-স্বাস্থ্য কেন্দ্রটি ও পশু স্বাস্থ্য কেন্দ্রটি দ্রুত চালু করার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বলা হলো। রামজীবন ইউনিয়নের ত্রাণের ব্রীজের কাজ যেন যথামসয়ে সম্পন্ন হয় এজন্য নির্দেশনা প্রদান করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২৩. | অফিসার ইন চার্জ | অফিসার ইন চার্জ সভাকে জানান- তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে সুন্দরগঞ্জের আইন-শৃঙ্খলা | এ ধারা অব্যাহত রাখতে হবে। আইন-শৃঙ্খলা | ১। উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। সামনে পহেলা বৈশাখ। পহেলা বৈশাখ উপলক্ষে বিভিন্ন জায়গায় বৈশাখী মেলার আয়োজন করা হয়। মেলা উপলক্ষে বিভিন্ন ধরনের জুয়ার আসর বসে। মেলায় যাতে কোন ধরনের জুয়া এবং অশ্লীল কার্যক্রম না হয় সেজন্য সকলকে সচেতন থাকতে হবে। এজন্য তিনি সকল ইউপি সদস্যদের সহযোগিতা কামনা করেন। | পরিস্থিতি যাতে কোন কারনে অবনতি না হয় সেজন্য তিনি সকলকে সজাগ থাকতে হবে। বৈশাখী মেলাকে কেন্দ্র করে যাতে কোন জুয়ার আসর না বসে এজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ২। সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২৪. | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ | প্রশাসক, উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। সুন্দরগঞ্জ উপজেলা পরিষদের ব্যবস্থাধীন সরকারি হাট বাজারসমূহ বাংলা ১৪৩৩ সনের মেয়াদে ইজারার লক্ষে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি মোতাবেক ১ম থেকে ৪র্থ পর্যায়ে ৩৯ টি হাট বাজারের মধ্যে ৩৩টি হাট ও বাজার এর বিপরীতে সরকারী কাঙ্খিত মূল্য পাওয়ায়, হাট বাজার ইজারা দরপত্র মূল্যায়ন ও ইজারা প্রদান কমিটি ইজারা প্রদানের জন্য উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত কামনা করেন। সরকারী হাট ও বাজার ইজারার কাঙ্খিত প্রাপ্ত মূল্যের তালিকা রেজুলেশন পরিশিষ্ট- গ, ঘ, ঙ, চ দ্রষ্টব্য। অবশিষ্ট ০৬টি সরকারি হাট ও বাজারের বিষয়ে সভায় সিদ্ধান্ত কামনা করেন। তিনি আরও জানান- হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫-এ যেসকল হাট ও বাজারের বিপরীতে দরপত্র পাওয়া যায় নাই তার কারন সম্বলিত ০১টি প্রতিবেদন উপজেলা পরিষদের সাধারন সভায় উত্থাপনপূর্বক অনুমোদন নিয়ে সভার কার্য বিবরণীসহ জেলা প্রশাসক, গাইবান্ধা মহোদয় বরাবরে প্রেরণের নির্দেশনা রয়েছে। নতুন ইজার বৎসর আরম্ভ হলে যেসকল হাট ও বাজারের বিপরীতে দরপত্র পাওয়া যায় নাই সেসকল হাট ও বাজারের খাস আদায়ের সাথে সাথে ইজার প্রদানের কার্যক্রম ও প্রচেষ্টা অব্যাহত রাখার নির্দেশনা রয়েছে। খাস আদায়ের ক্ষেত্রে প্রয়োজনীয় জনবল নিয়োগের নিদের্শনা রয়েছে। টোল আদায়ের হার জেলা প্রশাসক, গাইবান্ধা মহোদয়ের অনুমোদনের জন্য প্রেরণের নির্দেশনা রয়েছে। প্রতিটি ইউনিয়নে একটি হাট ও বাজার যার ইজার মূল্য ১৪৩১ সনে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার নিচে এমন একটি হাট ও বাজার সংরক্ষিত রাখার নির্দেশনা রয়েছে। জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন এবং রাষ্ট্রীয় কাজে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | ১। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে।<br>২। হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ মোতাবেক ইজারা না হওয়া ০৬টি সরকারি হাট ও বাজারের খাস আদায়ের সাথে সাথে ইজার প্রদানের কার্যক্রম ও প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। যেসকল হাট ও বাজারের বিপরীতে দরপত্র পাওয়া যায় নাই তার কারন সম্বলিত ০১টি প্রতিবেদন উপজেলা পরিষদের সাধারন সভায় উত্থাপনপূর্বক অনুমোদন নিয়ে সভার কার্য বিবরণীসহ জেলা প্রশাসক, গাইবান্ধা মহোদয় বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। বিধি মোতাবেক খাস আদায়ের ক্ষেত্রে প্রয়োজনীয় জনবল নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫। টোল আদায়ের হার জেলা প্রশাসক, গাইবান্ধা মহোদয়ের অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৬। প্রতিটি ইউনিয়নে একটি হাট ও বাজার যার ইজার মূল্য ১৪৩১ সনে ৫ লক্ষ টাকার নিচে এমন একটি হাট ও বাজার সংরক্ষিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ২৫. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। এডিপির ১ম ও ২য় কিস্তির বরাদ্দ ৫৫,৩৬,০০০/- পাওয়া গিয়েছে। সম্ভব্য ৩য় ও ৪র্থ কিস্তির বরাদ্দ ৫৫,৩৬,০০০/- টাকা,মোট ৪ কিস্তি বাবদ ১,১০,৭২,০০০/- (এক কোটি দশ লক্ষ বাহাত্তর হাজার) টাকা এবং বিশেষ বরাদ্দ | উন্নয়নের এধারা অব্যাহত রাখতে হবে। উপস্থাপিত প্রকল্প সমূহের তালিকা পরিশিষ্ট 'ছ' সভায় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের | ১। উপজেলা প্রকৌশলী<br>২। সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পাওয়া গিয়েছে ৩০,০০,০০০/- টাকা। মোট ১,৪০,৭২,০০০/- টাকা। উক্ত টাকার মধ্য হতে প্রকল্প বাস্তবায়ন বাবদ ০.৫% এর ৭০,৩৬০/- টাকা এবং প্রকল্প তদারকি বাবদ ১% এর ১,৪০,০০০/- টাকা ব্যাতিরেখে মোট ১,৩৮,৬১,৬৪০/- টাকা ও হস্তান্তরিত উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন তহবিল অর্থ ২,৮২,০০,০০০/- টাকা এর মধ্যে প্রকল্প বাস্তবায়ন ব্যয় বাবদ ০.৫% এর ১,৪১,০০০/- টাকা এবং প্রকল্প তদারকি ব্যয় বাবদ ১% এর ২,৮০,৫৯০/- টাকা ব্যাতিরেখে ২,৭৭,৭৮,৪১০/- টাকা সর্বমোট (১,৩৮,৬১,৬৪০/- + ২,৭৭,৭৮,৪১০/-) = ৪,১৬,৪০,০৫০/- টাকা প্রকল্প টেন্ডার ও প্রকল্প কমিটি মাধ্যমে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন। । প্রকল্পগুলো সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। উপস্থাপিত প্রকল্প সমূহের তালিকা পরিশিষ্ট 'ছ'। | জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। জরুরী ভিত্তিতে প্রকল্প সমূহের প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। ইউপি চেয়ারম্যান (সকল) |

**০১/০৩/২০২৬ হতে ৩১/০৩/২০২৬ পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের ব্যয়সমূহ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১ | মার্চ -২৬ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৩৫,০০০/- |
| ২ | মার্চ - ২৬ মাসের জ্বালানী বিল (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ২৩,৮৯১/- |
| ৩ | মার্চ - ২৬ মাসের নিরাপত্তা খাতে ব্যয় | ঃ | ১০,০০০/- |
| ৪ | মার্চ- ২৬ মাসের দৈনিক মজুরী খাতে ব্যয় (০২ জন) | ঃ | ৩০,৮০০/- |
| ৫ | মার্চ - ২৬ মাসের বর্জ্য ব্যবস্থাপনা খাতে ব্যয় | ঃ | ৮,০০০/- |
| ৬ | মার্চ - ২৬ মাসের জীপ গাড়ি ঘ-১১-০০২২ এর জ্বালানী ব্যয় ব্যয় (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ২৩,৮৯১/- |
| ৭ | ফেব্রুয়ারি ২৬ মাসের অপ্রত্যাশিত খাতে ব্যয় | ঃ | ৪৮,০০০/- |
| ৮ | উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর বাবদ ব্যয় | ঃ | ১৫,১৩৫/- |
| ৯ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের মেরামত ও পানির ফিল্টার সরবরাহ বাবদ ব্যয়(ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৩,০০,০০০/- |
| ১০ | ২৬ মার্চ ২০২৬ উদযাপন উপলক্ষে ব্যয় | ঃ | ৫০,০০০/- |
| ১১ | উপজেলা পরিষদের জীপ গাড়ি ঘ-১১-০০২২ এর মেরামত বাবদ ব্যয় (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৬,৬৭০/- |

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভা পরিচালনায় সহযোগিতা প্রদানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/০৩/২৬

(ঈফফাত জাহান তুলি)
প্রশাসক
উপজেলা পরিষদ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০২.২০১৫- তারিখ ঃ ১৭ চৈত্র ১৪৩২ / ৩১ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার , গাইবান্ধা ।
০৬। উপজেলা . . . . . . . . . . . . অফিসার (সকল) সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
০৭। চেয়ারম্যান, . . . . . . . . . ইউপি (সকল), সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
০৮। অফিস কপি।

৩১/০৩/২৬

(ঈফফাত জাহান তুলি)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
unosundarganj@mopa.gov.bd